দৈনিক ইত্তেফাক

তারিখ .. 10 MAY 1994 ... ...
পৃষ্ঠা ... ... কলাম .. ৭ ...

## এসএসসি পরীক্ষা

# বহিষ্কার ২৩০০

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (সোমবার) ১৯৯৪ সালের এস, এস, সি অংক পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে ২৩ শত পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। কর্তব্যে অবহেলার কারণে লালমনিরহাট সদরে একজন শিক্ষক ও একজন পিয়ন বহিষ্কৃত হন। পাবনা শহরে বোনের পক্ষে পরীক্ষা দিতে গিয়া একজন যুবক গ্রেফতার হয়। কুমিল্লার

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

কান্দিরপাড়ে ভূগোল বিষয়ের হাতে লেখা প্রশ্নপত্র ফটোষ্টাট করার সময় একজন যুবককে পুলিশ গ্রেফতার করিয়াছে। গতকাল রাজশাহী বোর্ডে সবচাইতে বেশী পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। এই বোর্ডে মোট বহিষ্কারের সংখ্যা ৯৪২। তন্মধ্যে শুধু গাইবান্ধা জেলায় ২১৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। গতকাল ঢাকা বোর্ডে ৫১০ জন। কুমিল্লা বোর্ডে ৪৬৪ জন এবং যশোর বোর্ডে ৩৭৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

ঢাকা বোর্ড জানায় : ঢাকা মহানগরীতে ৭ জন, গাজীপুর জেলায় ৩৩ জন, নারায়ণগঞ্জ জেলায় ১৪ জন, নরসিংদী জেলায় ২২ জন, মুন্সিগঞ্জ জেলায় ২০ জন, মানিকগঞ্জ জেলায় ৮ জন, টাঙ্গাইল জেলায় ৬২ জন, ফরিদপুর জেলায় ২০ জন, মাদারীপুর জেলায় ৪১ জন, শরিয়তপুর জেলায় ১০ জন রাজবাড়ী জেলায় ২২ জন, গোপালগঞ্জ জেলায় ৮ জন, ময়মনসিংহ জেলায় ৯৮ জন, কিশোরগঞ্জ জেলায় ৪৯ জন, নেত্রকোনা জেলায় ৪৫ জন, জামালপুর জেলায় ৩০ জন ও শেরপুর জেলায় ২১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

কুমিল্লা সংবাদদাতা জানান : কুমিল্লা জেলায় ১৮৩ জন; চট্টগ্রাম জেলায় ১৮০ জন, ফেনী জেলায় ৬০ জন, হবিগঞ্জ জেলায় ১৪ জন, মৌলভীবাজার জেলায় ২২ জন, বান্দরবান জেলায় ৫ জন, সুনামগঞ্জ জেলায় ২ জন, লক্ষীপুর জেলায় ২৪ জন ও সিলেট জেলায় ১১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। কুমিল্লা শহরের কান্দিরপাড়ে ভূগোল বিষয়ের হাতে লেখা প্রশ্নপত্র ফটোষ্ট্যাট করার সময় পুলিশ মিজানুর রহমান নামে এক ব্যক্তিকে গ্রেফতার করিয়াছে।

যশোর বোর্ড জানায় : পটুয়াখালী জেলায় ১২ জন, বরিশাল জেলায় ৩৭ জন, বরগুনা জেলায় ২১ জন, ভোলা জেলায় ১০ জন ঝালকাঠি জেলায় ৩০ জন, পিরোজপুর জেলায় ২৫ জন, বাগেরহাট জেলায় ২৮ জন, খুলনা জেলায় ১৯জন, সাতক্ষিরা জেলায় ৩জন, নড়াইল জেলায় ৪০ জন, মাগুড়া জেলায় ১১জন, ঝিনাইদহ জেলায় ৪০জন, মেহেরপুর জেলায় ৩৯জন, চুয়াডাঙ্গা জেলায় ১০জন ও কুষ্টিয়া জেলায় ৩৪জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

রাজশাহী বোর্ড জানায় : রাজশাহী জেলায় ৬৮জন, নবাবগঞ্জ জেলায় ৩২জন, নাটোর জেলায় ৪০জন, নওগাঁ জেলায় ২৫জন, পাবনা জেলায় ৫৩ জন, সিরাজগঞ্জ জেলায় ৬৬জন, জয়পুরহাট জেলায় ১৯ জন, গাইবান্ধা জেলায় ২১৬ জন, কুড়িগ্রাম জেলায় ৬১ জন, লালমনিরহাট জেলায় ২৯ জন, দিনাজপুর জেলায় ১৪৫ জন, ঠাকুরগাঁও জেলায় ৭১ জন, পঞ্চগড় জেলায় ২৪ জন, রংপুর জেলায় ৬১ জন, নীলফামারী জেলায় ২৬ জন, বগুড়া জেলায় ১৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

বরিশাল অফিস জানায়, জেলার বীরগঞ্জে ১২ জন, বাকেরগঞ্জে ৫ জন, উজিরপুর ৬, আগৈলঝাড়া ও মেহেন্দিগঞ্জে ৪ জন করিয়া, বানারীপাড়ায় ৩, গৌরনদীতে ২ এবং মুলাদীতে ১ জন বহিষ্কার হয়, পটুয়াখালীর ৬টি কেন্দ্রে বহিষ্কার হইয়াছে ১২ জন।

খুলনা অফিস ॥ গতকাল সোমবার এসএসসির অংক পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে খুলনা জেলা হইতে ১৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। ইহার মধ্যে খুলনা মহানগরী হইতে ১১ জন, তেরখাদা কেন্দ্র হইতে ৪ জন, ফুলতলা কেন্দ্র হইতে ১ জন, ডুমুরিয়া কেন্দ্র হইতে ১ জন ও রূপসা কেন্দ্র হইতে ১ জনকে বহিষ্কার করা হয়।

ইত্তেফাকের সংবাদদাতারা জানান : গতকাল রংপুরের ৭টি কেন্দ্রের ৬১ জন, রাজবাড়ীর ৩টি কেন্দ্রের ২২ জন; জামালপুরের ৭টি কেন্দ্রের ৩০ জন, দাউদকান্দির ৪টি কেন্দ্রের ১৮ জন ও পটুয়াখালীর ৬টি কেন্দ্রের ১২ জন পরীক্ষার্থী, চাঁদপুরের ৩টি কেন্দ্রের ৪৯ জন, ফরিদপুরের ৪টি কেন্দ্রের ১৩ জন, পাবনার ৯টি কেন্দ্রের ৫৩ জন ও কুড়িগ্রামের ৯টি কেন্দ্রের ৯৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

ইহাছাড়া গতকাল পাবনা সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় কেন্দ্রের পরীক্ষার্থিনী জেসমিন (রোল নং পাব-ম-১০৮৫৭৫) এর পরিবর্তে তাহার ভাই মিজানুর রহমান মেয়ে সাজিয়া শাড়ী ব্লাউজ ও বোরখা পরিহিত অবস্থায় পরীক্ষা দিতে শুরু করিলে পরিদর্শক তাহাকে পুলিশের হাতে সোপর্দ করেন।